

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮।

সূত্র : ১৫.৬০.০০০০.০০২.০৩.৮২১.১১- ৪৬২ (৫)

তারিখ : ২৫ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ
২৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ

সংশোধিত দাপ্তরিক আদেশ

ইনোভেশন ও সেবা সহজীকরণের অংশ হিসেবে কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটি গ্রহণের ক্ষেত্রে আবেদন, অনুমোদন ও ছুটি শেষে যোগদানের বিদ্যমান নিয়মের পরিবর্তে এখন হতে নিম্নবর্ণিত নিয়ম (ই-নথি ও হার্ড ফাইল উভয় ক্ষেত্রের জন্য প্রযোজ্য) অনুসৃত করতে হবে :

২ (ক) ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের ছুটির আবেদন ও অনুমোদন প্রক্রিয়া :

আবেদনকারী সংশ্লিষ্ট শাখা প্রধানের সুপারিশসহ বিভাগীয় প্রধানের (পরিচালকগণ) নিকট প্রেরণ করবেন;

↓
বিভাগীয় প্রধানগণ প্রশাসনিক দপ্তরের সংশ্লিষ্ট উইংয়ে প্রেরণ করবেন;

↓
প্রশাসনিক উইং হতে তথ্যাদি যাচাইপূর্বক মঞ্জুরী পত্রসহ পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নিকট উপস্থাপন করবেন;

↓
পরিচালক (প্রশাসন ও অর্থ) সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক এর নিকট প্রেরণ করবেন;

↓
ব্যবস্থাপনা পরিচালক অনুমোদনসহ মঞ্জুরীপত্র স্বাক্ষর করতঃ সহকারী পরিচালক (প্রশাসন) এর নিকট প্রেরণ করবেন।

২ (খ) ছুটি শেষে কাজে যোগদান প্রক্রিয়া :

ছুটি শেষে আবেদনকারী সংশ্লিষ্ট শাখা প্রধানের মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্ধারিত ফর্মে যোগদান পত্র উপস্থাপন করবেন;

↓
বিভাগীয় প্রধান যোগদান পত্র ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করবেন এবং ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট উইংয়ে পাঠাবেন;

↓
সংশ্লিষ্ট উইং উক্ত কর্মকর্তার ছুটি তীর ব্যক্তিগত নথিতে যথা নিয়মে সংরক্ষণ করবেন;

৩ (ক) ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ছুটির আবেদন ও অনুমোদন প্রক্রিয়া :

আবেদনকারী সংশ্লিষ্ট শাখা প্রধানের সুপারিশসহ বিভাগীয় প্রধানের নিকট উপস্থাপন করবেন। বিভাগীয় প্রধান প্রশাসনিক উইংয়ে প্রেরণ করবেন;

↓
প্রশাসনিক উইং হতে তথ্যাদি যাচাইপূর্বক মঞ্জুরী পত্রসহ পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নিকট উপস্থাপন করবেন;

↓
পরিচালক (প্রশাসন ও অর্থ) অনুমোদনসহ মঞ্জুরী পত্রে স্বাক্ষর করতঃ সংশ্লিষ্ট উইং-এ প্রেরণ করবেন।


৩ (খ) ছুটি শেষে কাজে যোগদান প্রক্রিয়া :

ছুটি শেষে আবেদনকারী সংশ্লিষ্ট শাখা প্রধানের মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্ধারিত ফর্মে যোগদান পত্র দাখিল করবেন;

↓
বিভাগীয় প্রধান প্রশাসনিক উইংয়ের ছুটি হিসাব রক্ষকের নিকট প্রেরণ করবেন;

↓
সংশ্লিষ্ট ছুটি হিসাব রক্ষক নথিতে বিধি মোতাবেক সংরক্ষণ করবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২৭.৬.২২
(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
যুগ্মসচিব
ও
পরিচালক (প্রশাসন ও অর্থ)।

বিতরণ :

- ১। বিভাগীয় প্রধান , এফডিসি, ঢাকা।
- ২। শাখা প্রধান , এফডিসি, ঢাকা।
- ৩। জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (ইলেকট্রনিক্স), এফডিসি, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। পিএস টু এমডি, এফডিসি, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), এফডিসি, ঢাকা।